দৈনিক বাংলা

তারিখ ... 20 AUG 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

# কুমিল্লা বোর্ড প্রশ্নপত্র ফাঁস তদন্ত কমিটির রিপোর্ট পেশ

কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তের জন্য গঠিত কমিটি সোমবার সরকারের কাছে রিপোর্ট পেশ করেছে। কমিটির চেয়ারম্যান বিচারপতি আবদুল মতিন খান চৌধুরী শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর কাছে এ রিপোর্ট হস্তান্তর করেন। শিক্ষা সচিব আ ন ম ইউনুফ, মন্ত্রণালয়ের যুগ্মসচিব আহমদ হোসেন ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী বলেন, সিআইডি প্রশ্নপত্র ফাঁসের বিষয় তদন্ত করবে এবং এ ব্যাপারে অপ-রাধীকে আটক করার জন্য সাহায্য-কারী তথ্য প্রদানকারীকে এক লাখ টাকা পুরস্কার প্রদানের ঘোষণা বহাল থাকবে। তিনি বলেন, যারা ইতিমধ্যেই এ ব্যাপারে গ্রেফতার হয়েছেন তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে এবং তারা পুলিশের কাছে আটক থাকবে। তিনি বলেন, আগামী ২২শে আগস্ট কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা পুনরায় শুরু হবে এবং তখন সকল পরীক্ষা কেন্দ্রে আইন-শৃংখলা রক্ষা এবং প্রশ্নপত্রের নিরাপত্তা বিধা-নের সর্বাত্মক পদক্ষেপ নেয়া হয়েছে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রে ইউনিফর্ম পরে এবং ছদ্মবেশে পুলিশ মোতায়েন করা হবে।